

উপকারী যোগাযোগ তথ্য

#১৭ পুলিশ

#১১৯ শৈশব প্রতিরক্ষা

যদি কোন তথ্যের প্রয়োজন হয়
তবে তোমাকে সাহায্য করছেন এমন কোন সামাজিক কর্মী,
শিক্ষা বিষয়ক অভিভাবক বা সমিতির কাছে তা জিজ্ঞেস করতে
দ্বিধাবোধ করবে না।

তুমি যদি তোমার পরিবারের সদস্যদের খুঁজে বের করতে ইচ্ছুক হও
তবে ফরাসি রেড ক্রস তাদের পারিবারিক সম্পর্ক পুনর্বহাল
কার্যক্রমের আওতায় তোমাকে সাহায্য করতে পারে কারণ তারা
পরিবারের সদস্যদের খুঁজে বের করে তাদের পুনর্মিলিত করার
উদ্দেশ্যে নিয়োজিত।

+৩৩ (০)১ ৪৪ ৪৩ ১২ ৬০ অথবা recherches@croix-rouge.fr

তোমাকে সাহায্য করার জন্য

তুমি তাদের সাথে যোগাযোগ করতে পারো !



তোমার বয়স ১৮ বছরের কম

তুমি কি তোমার দেশ থেকে পালিয়ে এসেছ ?

তুমি ফ্রান্সে একা

এবং তুমি জানো না কার সাথে যোগাযোগ করবে ?

বয়স এবং বাসস্থানের মূল্যায়ন

১ম ধাপ



তুমি শৈশব সামাজিক সহায়তা সেবায় (ASE) উপস্থিত হতে পারো অথবা ১১৯ নম্বরে ফোন করে সাহায্য চাইতে পারো।



তুমি চাইলে ১৭ নম্বরে ফোন করে পুলিশের সাহায্য চাইতে পারো, তোমাকে রক্ষা করার সেবায় তারা নিয়োজিত, তাদেরকে জানাও যে তোমার বয়স ১৮ বছরের কম এবং তোমার সাহায্যের প্রয়োজন।



ফ্রান্সে আগমনের সাথে সাথে তোমার আশ্রয় লাভ করার অধিকার আছে। তোমার পরিস্থিতি এবং বয়স মূল্যায়ন করার জন্য একটি সাক্ষাৎকারের আয়োজন করা হবে। তোমার পরিস্থিতির মূল্যায়ন শেষে যদি এটা প্রমাণিত হয় যে তুমি অপ্রাপ্তবয়স্ক তবে তোমার চাহিদা অনুযায়ী তোমাকে একটি শিশুকেন্দ্রে থাকার বন্দোবস্ত করে দেয়া হবে।



২য় ধাপ

শরণার্থী আশ্রয় আবেদন



তুমি যদি তোমার দেশে কোন বিপদ থেকে পালিয়ে এসে থাকো তবে তুমি ফ্রান্সে শরণার্থী আশ্রয় আবেদন করতে পারো। শিশুকিশোরদের সহায়তা করেন এমন সামাজিক কর্মী, শিক্ষা বিষয়ক অভিভাবক এবং সমিতিগুলোর সাথে এই বিষয়ে আলাপ কর।



স্থানীয় প্রশাসনে শরণার্থী আশ্রয় আবেদন জমা দিতে হবে। আইনি প্রতিনিধি অথবা বিশেষ প্রশাসক নামক একজন ব্যক্তি এই আবেদন জমা দেয়ার সময় তোমার প্রতিনিধিত্ব করার জন্য এবং তোমাকে সাহায্য করার লক্ষ্যে সেখানে উপস্থিত থাকবেন। একজন দোভাষীও তোমাকে সাহায্য করতে পারেন।



তোমার পরিবারের কোন সদস্য (বাবা, মা, ভাই, বোন, চাচা-চাচী, মামা-মামী, দাদা-দাদী, নানা-নানী) কেউ যদি ইউরোপিয়ান ইউনিয়নের অন্য কোন দেশে বৈধভাবে অবস্থান করেন তবে তুমি চাইলে এবং তারাও এতে রাজি হলে তুমি তাদের সাথে গিয়ে থাকতে পারো। স্থানীয় প্রশাসনে শরণার্থী আশ্রয় আবেদন জমা দেবার সময় এই বিষয়টি উল্লেখ করতে পারো।



৩য় ধাপ

আবেদনের পর্যালোচনা



ফরাসি শরণার্থী এবং রাষ্ট্রহীনদের অধিদপ্তর (OFPRA) কর্তৃক তোমার আবেদন বিবেচনা করে দেখা হবে এবং একজন ব্যক্তি তোমার বিবৃতি গ্রহণ করবেন যাকে বলা হয় “সুরক্ষা অফিসার।”



তোমার সাক্ষাৎকারের সময় তোমার যাত্রার বিবরণ দিতে হবে। তোমার আইনি প্রতিনিধি তোমার সাথে থাকবেন। তুমি চাইলে OFPRA বরাবর কোন সমিতির কোন সদস্যের অথবা কোন স্বাস্থ্য কর্মীর সঙ্গ কামনা করে আবেদন করতে পারো।



OFPRA তোমার আবেদন নাকচ করলে তুমি জাতীয় শরণার্থী আশ্রয় অধিদপ্তর (CNDA) বরাবর আপিল করতে পারো এবং তাঁরা তোমার আবেদন নতুন করে বিবেচনা করে দেখবেন। তোমার আইনি প্রতিনিধি এবং যে কোনো সমিতি এটা করতে তোমাকে সহায়তা করতে পারেন।



৪র্থ ধাপ

আবাসিক পারমিট এবং পারিবারিক সম্মিলন



ফ্রান্সে যদি তুমি শরণার্থীর মর্যাদা লাভ কর এবং তোমার বয়স যদি ১৬ বছরের বেশি হয়, তবে স্থানীয় প্রশাসনে আবেদন করার পর তোমাকে একটি আবাসিক পারমিট পাঠিয়ে দেয়া হবে। তোমার বাবা-মা এবং ১৮ বছর বয়সের কম কোন ভাইবোন থাকলে তাঁরাও ফ্রান্সে তোমার সাথে একত্রিত হতে পারবেন। যত শীঘ্রই সম্ভব এটার জন্য আবেদন জমা দাও।

